

নিদ্দিষ্টের প্রতি

নিদেশ হয়ে গেছে যে যুবক তার কথা ভাবি  
 ভাবি এই বিকেল পাঁচটা তিপান্ন মিনিটে কী করছে সে ?  
 রানিক্ষেতের কোন এক ধাবায় চায়ের গ্লাস ধুচ্ছে ?  
 চলে গেছে পাহাড়ে - জঙ্গলে, জঙ্গিদের গোপন ডেরায় ?  
 নাকি দশ মিনিটেই ট্রেন তাকে নামিয়ে দিয়েছিল যে গ্রামে  
 তার শস্যখেতের সবুজ সে দুচোখ ভরে  
 শুধে নিচ্ছে আজ ?

সে কি জানে  
 তিন মাস পেনশন না পাওয়া তার বাবা  
 গ্রাম ছেড়ে যে রাস্তা চলে গেছে দূরে, সেদিকে তাকিয়ে ভাবে----  
 কতদূর যেতে পারে রাস্তা, কতদূর ?

সে কি জানে  
 টি বেলতে বেলতে তার মা  
 অন্ধকারের দিকে তাকিয়ে ভাবে এই সেই আঁধার, তার প্রথম গর্ভ  
 যা তাকে একদিন ঠিক ফিরিয়ে দেবে কোলের সন্তান ?

সে কি জানে ?  
 সে কি জানে  
 এক লহমায় সে পিছনে ফেলল যাকে  
 কী কষ্টে কী যত্নে কত সহস্র বছর ধরে  
 মানুষ গড়েছে সেই ঘর ?

অংশুমান কর

